আজ   প্রথম ফুলের পাব প্রসাদখানি,   তাই   ভোরে উঠেছি।
আজ   শুনতে পাব প্রথম আলোর বাণী,   তাই   বাইরে ছুটেছি॥
    এই   হল মোদের পাওয়া,   তাই   ধরেছি গান-গাওয়া,
    আজ   লুটিয়ে হিরণ-কিরণ-পদ্মদলে   সোনার   রেণু লুটেছি॥
আজ   পারুলদিদির বনে   মোরা   চলব নিমন্ত্রণে,
    চাঁপা-ভায়ের শাখা-ছায়ের তলে   মোরা   সবাই জুটেছি।
    আজ   মনের মধ্যে ছেয়ে   সুনীল   আকাশ ওঠে গেয়ে,
    আজ   সকালবেলায় ছেলেখেলার ছলে   সকল   শিকল টুটেছি॥

---

Parjaay: Prakriti / Sharat, Taal: Kaharwa, Raag: Bhairav
Visit www.geetabitan.com for notation and other detail